
দৈনিক ইত্তেফাক

69

তারিখ 03 SEP 1988
পৃষ্ঠা ১ কলাম



গতকাল (শনিবার) ঢাকা কলেজ ও সিটি কলেজের ছাত্রদের মধ্যে সংঘর্ষ চলাকালে সায়েন্স ল্যাবরেটরীর মোড়ে পুলিশের প্রতি ককটেল নিক্ষেপ। —ইত্তেফাক

# ঢাকা কলেজ ও সিটি কলেজ ছাত্রদের মধ্যে সংঘর্ষ ॥ বোমাবাজি

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (শনিবার) বেলা ১২টায় ঢাকা কলেজ ও সিটি কলেজের ছাত্রদের মধ্যে এক সংঘর্ষ ও বোমাবাজিতে ২০ জন ছাত্র আহত হয়। এই সময় সায়েন্স ল্যাবরেটরী এলাকায় স্বাভাবিক যানবাহন চলাচলে বিঘ্ন ঘটে। ঘটনাস্থলে পুলিশ পৌঁছিয়া পরিস্থিতি আয়ত্তে আনে।

জাতীয়তাবাদী ছাত্রদল আহূত

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

ঢাকা কলেজ সিটি কলেজ

(১ম পৃঃ পর)

ছাত্র ধর্মঘটে সাড়া না দেওয়ায় ঢাকা কলেজের একদল ছাত্র সিটি কলেজ ক্যাম্পাসে আসে এবং ক্লাস বন্ধ করার চেষ্টা চালায়।

সিটি কলেজের ছাত্ররা ঢাকা কলেজের ছাত্রদের আহবানে সাড়া না দেওয়ায় তাহারা পুনরায় ঢাকা কলেজে ফিরিয়া আসে। ঢাকা কলেজে এই সময় এইমর্মে গুজব ছড়ায় যে, সিটি কলেজের ছাত্ররা ঢাকা কলেজের ছাত্রদের মারধর করিয়াছে। এই গুজব শোনার সাথে সাথে উত্তেজিত অবস্থায় ঢাকা কলেজের ছাত্ররা লাঠি-সোঁটা, রড, হকিষ্টিক লইয়া সিটি কলেজের দিকে দৌড়াইয়া আসে। একসাথে ৪/৫ শত ছাত্রের জঙ্গী মনোভাব লক্ষ্য করিয়া আশে-পাশের সকল দোকানপাট ও রাস্তায় যানবাহন চলাচল বন্ধ হইয়া যায়। সিটি কলেজের ছাত্ররা ঢাকা কলেজের ছাত্রদের লাঠিসোঁটা লইয়া পাল্টা ধাওয়া করিলে সংঘর্ষ বাধে। উভয় কলেজের ছাত্রদের মধ্যে ইটপাটকেল নিক্ষেপ ও ধাওয়া ও পাল্টা ধাওয়ায় প্রায় ২০ জন ছাত্র আহত হয়। এই সময় ঘটনাস্থলে বোমাবাজিও চলে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ লাঠিচার্জ করিলে ছাত্ররা ছত্রভঙ্গ হইয়া যায়।